বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বাণিজ্য মন্ত্রণালয়	২	১	১	-	-	১	২৬.২৬%	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০২ (দুই)

২। সমাপ্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণঃ

<u>প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:</u>

ক) পরামর্শক প্রতিষ্ঠানের সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করতে না পারা;

খ) স্টিয়ারিং কমিটির মিটিং এর সিদ্ধান্তের আলোকে চূড়ান্ত প্রতিবেদন সংশোধন করতে না পারা; এবং

গ) সমীক্ষা প্রতিবেদনের সুপারিশ অংশীজনদের মধ্যে dessiminate করতে না পারা।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রশিক্ষণ (স্থানীয় এবং বিদেশী), সেমিনার, কর্মশালা, ইভেন্ট এবং ভ্রমণ ব্যয় খাতে টিপিপি-তে থোক বরাদ্দ হিসেবে বরাদ্দ ছিল ৩১.১৫ লক্ষ টাকা। এ খাতে পিসিআর-এ ব্যয় দেখানো হয়েছে ৭১.৮৮ লক্ষ টাকা। যা টিপিপি'র বরাদ্দ অপেক্ষা ৪০.৭৩ লক্ষা টাকা বেশী	প্রশিক্ষণ (স্থানীয় এবং বিদেশী), সেমিনার, কর্মশালা, ইভেন্ট এবং ভ্রমণ ব্যয় খাতে অতিরিক্ত ৪০.৭৩ লক্ষ টাকা টিপিপি'র সংস্থান এর চেয়ে বেশী ব্যয় করা হয়েছে। এ ব্যয় সম্পর্কে যথাযথ ব্যাখ্যা প্রদান করতে হবে;
৩.২ আলোচ্য সমাপ্ত প্রকল্পটির কিছু ত্রুটি বিচ্যুতি রয়েছে।	ভবিষ্যতে ত্রুটিমুক্ত প্রতিবেদন প্রেরণে সচেষ্ট হতে হবে।

টিসিবি ভবনের ১১ ও ১২তম তলা নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: টিসিবি ভবনের ১১ ও ১২তম তলা নির্মাণ।

২। প্রকল্পের ধরন: বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: নিজস্ব অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বাণিজ্য মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	নিজস্ব			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৬১১.৮৪	--	১৬১১.৮৪	অক্টোবর, ২০১৫ হতে জুন, ২০১৯	২৯/১১/২০১৫	--	--
প্রকৃত ব্যয়	১৪৩২.৩৫	--	১৪৩২.৩৫	অক্টোবর, ২০১৫ হতে জুন, ২০১৯	--		

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: প্রযোজ্য নয়।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

কাজের আইটেম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(২)	(৪)	(৬)	(৭)	(৮)	(৯)
ক) রাজস্ব ব্যয়:					
এন্টারটেইনমেন্ট		১.০০		০.০০	-
বিবিধ		৩.০০	-	০.০০	-
সাপ্লাইস এন্ড সার্ভিসেস		২.০০		০.০০	-
ক) উপমোট:		৬.০০		০.০০	-
খ) মূলধন ব্যয় (W1)					
কন্সট্রাকশন ওয়ার্কস	৩৩৮৮ ব:মি:	১১৭৭.৭১			
স্যানিটারি এন্ড ওয়াটার সাপ্লাই ওয়ার্কস	৩৩৮৮ ব:মি:	১৬.৪৪	-	১১৩৪.৮৫	১০০%
ইলেক্ট্রিক ফিটিংস	৩৩৮৮ব:মি:	৪৬.৭৪			
খ) উপমোট=		১২৪০.৮৯		১১৩৪.৮৫	
গ) মূলধন ব্যয় (W2)					
স্প্রিংকলার এন্ড ফায়ার এলার্ম সিস্টেম	১টি	২৮.১১			
ফায়ার ফাইটিং সিস্টেম	১টি	১৪৬.৬৪	-	১৮৯.৮০%	১০০%
স্টীল স্টেয়ার, ফায়ার ডোর এন্ড সাব স্টেশন রিপেয়ার ওয়ার্ক	১টি	৬৫.২০			

কাজের আইটেম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(২)	(৪)	(৬)	(৭)	(৮)	(৯)
উপ মোটঃ		২৩৯.৯৫		১৮৯.৮০	
ঘ) মূলধন ব্যয় (W3)					
সাপ্লাই এন্ড ইন্সটলেশন অফ ও ফায়ার রেটেড লিফট উইথ ভোল্টেজ স্টেবিলিজার		১১০.০০	-	১০৭.৭০%	১০০%
এক্সিসিং থ্রি লিফটস আপলিফটেড আপ টু ১২ তম ফ্লোর		১৫.০০			
ঘ) উপ মোট:		১২৫.০০		১০৭.৭০	
সর্বমোট (ক+খ+গ+ঘ)		১৬১১.৮৪	-	১৪৩২.৩৫	১০০%

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরজমিনে পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ টিসিবি ভবনের ১১ ও ১২তম তলা নির্মাণের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি; এবং
- ❖ ফায়ার লিফট, ফায়ার ফাইটিং সিস্টেম এবং ফায়ার এলার্ম সিস্টেম স্থাপনের ইত্যাদির মাধ্যমে টিসিবি ভবন সুরক্ষিত করা।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** প্রকল্পটি ১৬১১.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০১৫ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৯/১১/২০১৫ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত ব্যয় প্রাক্কলন ও মেয়াদের মধ্যেই প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন: প্রকল্প সমাপ্তির পর সমাপ্তি মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক মোঃ গোলাম সারওয়ার গত ২৪/০৩/২০২১ তারিখে প্রকল্প সম্পাদিত কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২। <u>প্রকল্পের মনিটরিং কার্যক্রম:</u>

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব খাদিজা আক্তার গত ১৫/১১/২০১৮ তারিখে প্রকল্প পরিদর্শন করেছেন।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব হিসেবে তাঁর পালন করেছেন। প্রকল্পে কোন নতুন জনবল নিয়োগ করা হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মোঃ আছির	উপসচিব	খন্ডকালীন	২৯/০২/২০১৫ থেকে

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
	উদ্দিন সরদার			২৮/০৮/২০১৬ পর্যন্ত
২।	জনাব মোঃ শাহাবুদ্দিন	উপসচিব	খন্ডকালীন	২৮/০৮/২০১৬ থেকে ০৪/০২/২০১৯ পর্যন্ত
৩।	জনাব মোঃ শেখাবুর রহমান	উপসচিব	খন্ডকালীন	০৪/০২/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত

১৫| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>

Package No.	Contract Approving Authority	Source of Funds	Estd. Cost (In million Taka)	Invitation for Tender	Signing of Contract	Completion of Contract
(১)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	
WD-4	PD	TCBs' Own Fund	6.00	Dec-15	Feb-16	Dec-18
WD-1	Chairman TCB	TCBs Own Fund	1240.89	Dec-15	Feb-16	Dec-18
WD-2	Chairman TCB	TCB's Own Fund	239.95	Dec-15	Feb-16	Dec-18
WD-3	Chairman TCB	TCB's Own Fund	125.00	Dec-15	Feb-16	Dec-18

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

উদ্দেশ্য	অর্জন
ক) টিসিবি ভবনের ১১ ও ১২তম তলা নির্মাণের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি করা;	ক) পরিদর্শনে দেখা যায়, টিসিবি ভবনের ১১ ও ১২তম তলা নির্মাণের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে;
খ) ফায়ার লিফট, ফায়ার ফাইটিং সিস্টেম এবং ফায়ার এলার্ম স্থাপনের মাধ্যমে টিসিবি ভবনের নিরাপত্তা করা।	খ) ফায়ার লিফট, ফায়ার ফাইটিং সিস্টেম এবং ফায়ার এলার্ম স্থাপনের মাধ্যমে টিসিবি ভবনের নিরাপত্তা জোরদার করা হয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত:** প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (পিসিআর অনুযায়ী):

Internal Audit:

Audit	Date of submission of Audit Report	Major findings/objection	Whether objections Resolved or not.
ইন্টার্নাল অডিট	২১/১০/২০১৯	প্রকল্পের সকল কার্যাবলী পিপিআর মোতাবেক দরপত্র সিডিউল অনুসারে নির্দিষ্ট মেয়াদ ও বাজেট বরাদ্দের মধ্যে সম্পন্ন করা হয়েছে।	অডিট আপত্তি উত্থাপিত হয়নি

External Audit: এ বিষয়ে উল্লেখ করা হয়নি।

১৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

১৮.১। আলোচ্য প্রকল্পটি ১৬১১.৮৪ লক্ষ টাকা প্রাক্কলনে অক্টোবর, ২০১৫ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৯/১১/২০১৫ তারিখে অনুমোদিত হয়। সংস্থার নিজস্ব অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

১৮.২। পরিদর্শনকালে কারওয়ান বাজারে টিসিবি ভবনের নবনির্মিত ১১ ও ১২ তম তলার ফ্লোর ঘুরে দেখা হয়। নির্মিত ভবনের ফ্লোর স্পেস ডিপিপি'র ডিজাইন অনুসারে সম্পন্ন কাজ হয়েছে। এ ছাড়া ফায়ার লিফট স্থাপন ফায়ার এলার্ম ও ফায়ার লাইটিং সিস্টেম স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে এগুলো কার্যকরী দেখা যায়। প্রকল্পের মাধ্যমে নির্মিত দুটি ফ্লোরের গুণগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়।

১৮.৩। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, টিসিবি ভবন-১ এ নব নির্মিত ১১ ও ১২ তম তলার কাজ সম্পন্ন হলে ফ্লোরগুলো ভাড়া দেয়ার জন্য ইচ্ছে প্রকাশ করে। সেই প্রেক্ষিতে মেসার্স ওয়েস্টার্ণ ইঞ্জিনিয়ারিং (প্রা.) লি. ১১ তম তলা এবং বে এম্পোরিয়াম লি. (সিস্টার কনসার্ন বে ড্রেজার্স লি. পারুমা কনস্ট্রাকশন লি. বে কার্গো সেন্টার লি. গুড এলায়েন্স সার্ভিসেস লিমিটেড, ত্রিপল বন্ডেড সার্ভিসেস লি. ও ফরসিটি লি.) ১২ তম তলা মাসিক ভাড়া হিসেবে চুক্তি স্বাক্ষর করা হয়।

১৮.৪। **প্রকল্পের ভৌত কাজ**: প্রকল্পের আওতায় ছাদ ও দেয়াল দ্বারা বেষ্টিত ১১ ও ১২ তম তলা নির্মাণ, (৪৬২৪৪০ ব:ফু:) ফায়ার লিফট, ফায়ার ফাইটিং সিস্টেম এবং ফায়ার এলার্ম, ইত্যাদি স্থাপন করা হয়েছে।

১৮.৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন: প্রকল্পের দুইটি উদ্দেশ্য ছিল যথা: (ক) টিসিবি ভবনের ১১ ও ১২তম তলা নির্মাণের মাধ্যমে সংস্থার রাজস্ব আয় বৃদ্ধি এবং খ) ফায়ার লিফট, ফায়ার ফাইটিং পদ্ধতি এবং ফায়ার এলার্ম স্থাপনের মাধ্যমে টিসিবি ভবনের নিরাপত্তা নিশ্চিত করা। প্রকল্পের মাধ্যমে টিসিবি ভবনের ১১ ও ১২ তম তলা নির্মাণের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে এবং ফায়ার লিফট, ফায়ার ফাইটিং পদ্ধতি এবং ফায়ার এলার্ম স্থাপনের মাধ্যমে টিসিবি ভবনের নিরাপত্তা আগের চেয়ে অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়। ইতোমধ্যে নির্মিত ফ্লোর ২টি ভাড়া দেয়া হয়েছে।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ





২০। <u>আইএমইডি'র মতামত/সুপারিশ</u> :

২০.১। ১১ ও ১২ তলা নির্মাণ কাজের চুক্তিমূল্য ১১,৪৯,১২,৪২৬.৮৫ টাকা, ফায়ার ফাইটিং সিস্টেম কাজের চুক্তিমূল্য ২,১৫,৯৫,৭৮০.০০ টাকা ফায়ার রেটেড লিফট কাজের চুক্তিমূল্য ১,৩৫,৫০,০০৪.০০ টাকা। এ সকল কাজের এক্সটার্নাল অডিটের অগ্রগতি কী?

২০.২। প্রকল্পের কার্যক্রম আইএমইডি কর্তৃক ১৫/১১/২০১৮ তারিখে পরিদর্শন করে প্রতিবেদন গত ০২/১২/২০১৮ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় যার কোন ফিডব্যাক পাওয়া যায়নি;

২০.৩। ফায়ার সার্ভিব ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২৬/০১/২০১৫ তারিখে পত্রের মর্মানুযায়ী অগ্নি নির্বাপন ও উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ে মৌলিক প্রশিক্ষণ গ্রহণ এবং বসবাস ও ব্যবহার সংক্রান্ত ফায়ার সার্ভিসের ছাড়পত্র গ্রহণ করা হয়েছে কিনা;

২০.৪। মূল অনুমোদিত প্রকল্পের ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প সম্পাদন করা হয়েছে। এ বিষয়টি প্রসংশনীয়।

২০.৫। ফায়ার লিফট, ফায়ার ফাইটিং পদ্ধতি এবং ফায়ার এলার্ম স্থাপনের মাধ্যমে টিসিবি ভবনের নিরাপত্তা ব্যবস্থা আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। এ সকল নিরাপত্তা যন্ত্রপাতি ও সরঞ্জাম রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২০.৬। প্রকল্পের External Audit সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সোশ্যাল এন্ড লেবার স্ট্যান্ডার্ডস ইন দি টেক্সটাইল এন্ড গার্মেন্টস সেক্টর ইন এশিয়া (এস. এল. এস. জি.)
শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : ডিসেম্বর, ২০১৮)

১.০	প্রকল্পের নাম	:	সোশ্যাল এন্ড লেবার স্ট্যান্ডার্ডস ইন দি টেক্সটাইল এন্ড গার্মেন্টস সেক্টর ইন এশিয়া (এস. এল. এস. জি.) Social and Labor Standards in the Textile and Garment Sector in Asia (SLSG)
১.১	বাস্তবায়নকারী সংস্থা	:	পরিকল্পনা সেল, বাণিজ্য মন্ত্রণালয়, পরিকল্পনা সেল, শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় অধীনস্থ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, GIZ, BGMEA, BKMEA, এবং শ্রমিক এসোসিয়েশন ও ট্রেড ইউনিয়ন ।
১.২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	বাণিজ্য মন্ত্রণালয়
১.৩	প্রকল্প এলাকা	:	ঢাকা
১.৪	প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়	:	

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৭.৫০	আগষ্ট ২০১৬ হতে জুন, ২০১৮	আগষ্ট ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৮	আগষ্ট ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৮	**প্রযোজ্য নয়**	**৬ (২৬.২৬%)**

২.০ প্রকল্পের পটভূমি :

এশিয়ায় টেক্সটাইল সেক্টরের সামাজিক ও শ্রমের আর্দশ সূচক পরিমাপে এসএলএসজি বাংলাদেশ এবং জার্মানীর দ্বিপাক্ষিক কারিগরি সহযোগী আঞ্চলিক প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ, কম্বোডিয়া, মায়ানমার এবং চীনের টেক্সটাইল ও গার্মেন্টস সেক্টরে পাইলটিং করার মাধ্যমে সামাজিক ও শ্রমের আর্দশ সূচক পরিমাপ করা হয়। এই দেশগুলোর প্রায় ৪০% লোক শিল্পখাতে কাজ করে থাকে এবং তারা প্রায় ৬০% রফতানিতে এবং ১০% এর অধিক জিডিপিতে অবদান রাখছে। বাংলাদেশ এবং কম্বোডিয়ার অধিকাংশ মহিলা বা নারী কর্মী (৮০-৯০%)এই শ্রমে নিয়োজিত। পাকিস্তানে এই খাতে নারী শ্রমিক উল্লেখ্যযোগ্য হারে কম এবং এখনো যার সর্বাধিক অংশ মাত্র প্রায় ৩০%। বাংলাদেশে রেডিমেট গার্মেন্ট সেক্টর (আরএমজি) ২০১৪ সালে ২৫ বিলিয়ন ডলার রফতানি করে অর্থনৈতিক শক্তি বা অর্থনৈতিক পাওয়ার হাউজ হিসেবে আত্নপ্রকাশ করেছে।পোশাক বাজারের সাম্প্রতিক প্রবণতার ভিত্তিতে বিশ্লেষণ করে বিশ্বাস করে যে বাংলাদেশের আরএমজি খাতকে আরও বিস্তারের সুযোগ রয়েছে, ২০২১ সালের মধ্যে সম্ভাব্য রফতানি $ ৫০ বিলিয়ন ডলারে পৌঁছে যাবে। এ লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৩.০ প্রকল্পের উদ্দেশ্য :

- বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনবল তৈরির জন্য ইন্ডাস্ট্রি এসোসিয়েশন এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে নেটওয়ার্ক তৈরি করা;
- জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP)-তে অন্তর্ভুক্ত Special Nedd Group কে গুরুত্ব দেওয়ার কৌশল প্রণয়ন, বাস্তবায়ন এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করা;

- জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP) লক্ষ্যসমূহ অর্জনে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষক, এসেসর এবং ব্যবস্থাপকদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট ফান্ড (NHRDF) এবং ন্যাশন্যাল স্কিলস ডেভলপমেন্ট অথরিটি (NSDA) প্রতিষ্ঠা এবং
- সামগ্রিকভাবে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের গুণগত মান উন্নয়নে প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিকরণ।

৪.০ প্রকল্প অনুমোদন ও সংশোধন :

আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ৪৬৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে আগষ্ট ২০১৬ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ৩০/১০/২০১৬ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ০৪/১২/২০১৮ তারিখে প্রকল্পটি প্রাক্কলিত ব্যয় ঠিক রেখে আগষ্ট ২০১৬ হতে ডিসেম্বর ২০১৮ মেয়াদে সর্বশেষ সংশোধিত অনুমোদন করা হয়।

৫.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি: (লক্ষ টাকায়)

ক্রঃ নং	অঙ্গের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুসারে)			প্রকৃত বাস্তবায়ন (পিসিআর অনুসারে)	
		একক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	২	৩	৪	৫	৬
১.	আন্তর্জাতিক দীর্ঘ মেয়াদি পরামর্শদাতা	২০	২	৭৬.০০	২০	৬৬.৫০
২.	আন্তর্জাতিক স্বল্প মেয়াদি পরামর্শদাতা	৩	৬	৪০.০০	২.৪২	৩০.৮৩
৩	জাতীয় স্বল্প মেয়াদি পরামর্শদাতা	৭	৫	১৫.৫০	৫.৬৭	১৩.০০
৪	জাতীয় দীর্ঘ পরামর্শদাতা	১৬০	৮	১৬২.০০	১৬৬.০০	১৫০.৫০
৫	GoB পার্সোনেল (ইন কাইন্ড)	২০	৩	২০.০০	২০.০০	২০.০০
	ইন ক্যাশ, সি ডি / ভ্যাট					
৬.	প্রশিক্ষণ (স্থানীয় এবং বিদেশী), সেমিনার, কর্মশালা, ইভেন্ট এবং ভ্রমণ ব্যয়	সমষ্টিগত অর্থ Lump Sum	সমষ্টিগত অর্থ Lump Sum	৩১.১৫	১০০%	৭১.৮৮
৭.	ওভারহেড, অন্যান্য এবং চলমান ব্যয় বিবিধ এবং আর্থিক অনুদান	সমষ্টিগত অর্থ Lump Sum	সমষ্টিগত অর্থ Lump Sum	১০৮.৮৫	১০০%	১০২.৫০
৮	সংগ্রহ, সরঞ্জাম / ক্রয়	সমষ্টিগত অর্থ Lump Sum	সমষ্টিগত অর্থ Lump Sum	১৪.৫০	১০০%	১২.২৯
	মোট	**২১০**	**২৪**	**৪৬৮.০০**	**২১৪.০৮ (১০১.৯৪%)**	**৪৬৭.৫০ (৯৯.৮৯%)**

৬.০ প্রকল্পের অর্থায়ন : এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থ ছাড় (%)	প্রকৃত ব্যয়	বরাদ্দের শতকরা হার
২০১৬-১৭	২৬২.৫০	২৩৮.০০	১০০%	২৩৩.০০	৯৭.৯০%
২০১৭-১৮	২০৫.৫০	২৩০.০০	১০০%	১৮৪.০০	৮০.০০%
২০১৮-১৯	-	৫১.০০	১০০%	৫১.০০	১০০%
মোট	**৪৬৮.০০**	**৫১৯.০০**	**১০০%**	**৪৬৮.০০**	**৯৩%**

৭.০ কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা:

টি এ পি পি র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮.০ মূল্যায়ন পদ্ধতিঃ

প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের টি এ পি পি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;

৮.০ প্রকল্পের ক্রয়:

প্রকল্পটি জার্মান সরকারের কারিগরি সহায়তায় ও গ্রান্ট/অনুদানের অর্থে বাস্তবায়িত। প্রকল্পটি বাণিজ্য মন্ত্রণালয়ের প্রথম রিজিওনাল প্রজেক্ট। প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, দ্বিপাক্ষিক সরকারি চুক্তি অনুযায়ী প্রকল্পের মালামাল, সার্ভিসেস ক্রয় ও নিয়োগ জি আই জেড এর নিয়মাবলি ও বিধি অনুযায়ী করা হয়েছে। বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি ক্রয় ও নিয়োগ জি আই জেড এর নিয়মাবলি ও বিধি অনুযায়ী করা হয়েছে।

১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
জনাব মোঃ মুসলেহ উদ্দিন যুগ্ম-প্রধান, বাণিজ্য মন্ত্রণালয়	খন্ডকালীন	০১/১০/২০১৬	৩১/১২/২০১৮	পূণকালীন

১১.০ অডিট সংক্রান্ত :

পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, এ প্রকল্পের কর্মকান্ডের উপর নির্বাচিত জি আই জেড হেড কোয়ার্টার নিরীক্ষকরা ও প্রাইস ওয়াটার হাউস কুপার্স আন্তর্জাতিক অডিট ফার্ম দ্বারা এক্সটার্নাল অডিট করা হয়েছে। তাছাড়া জি আই জেড অভ্যন্তরীণ নিরীক্ষক দলের মাধ্যমে প্রতি ছয় মাস অন্তর অডিট করা হয়েছে বলে প্রকল্প সংশ্লিস্টগণ জানান। কোন অডিট আপত্তি নেই।

১২.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

উদ্দেশ্য	অর্জন
(ক) বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনবল তৈরির জন্য ইন্ডাস্ট্রি এসোসিয়েশন এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে নেটওয়ার্ক তৈরি করা;	(ক) বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনবল তৈরির জন্য ইন্ডাস্ট্রি এসোসিয়েশন এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে নেটওয়ার্ক নিশ্চিত করা হয়েছে;
(খ) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP)-তে অন্তর্ভুক্ত Special Nedd Group কে গুরুত্ব দেওয়ার কৌশল প্রণয়ন, বাস্তবায়ন এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করা;	(খ) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP)-তে অন্তর্ভুক্ত Special Nedd Group কে গুরুত্ব দেওয়ার কৌশল প্রণয়ন, বাস্তবায়ন এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত হয়েছে;
(গ) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP) লক্ষ্যসমূহ অর্জনে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষক, এসেসর এবং ব্যবস্থাপকদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;	(গ) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (NSDP) লক্ষ্যসমূহ অর্জনে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষক, এসেসর এবং ব্যবস্থাপকদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থার গ্রহণ করা হয়েছে;
(ঘ) হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফান্ড (NHRDF) এবং ন্যাশন্যাল স্কিলস ডেভেলপমেন্ট অথরিটি (NSDA) প্রতিষ্ঠা;	(ঘ) হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফান্ড (NHRDF) এবং ন্যাশন্যাল স্কিলস ডেভেলপমেন্ট অথরিটি (NSDA) প্রতিষ্ঠা করা হয়েছে;
(ঙ) সামগ্রিকভাবে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের গুণগত মান উন্নয়নে প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিকরণ।	(ঙ) সামগ্রিকভাবে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের গুণগত মান উন্নয়নে প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি নিশ্চিত হয়েছে।

১৩.০ প্রকল্প পরিদর্শন : গত ১৯.১১.২০২০ তারিখ আইএমইডি'র সহকারী পরিচালক মোল্যা সোহাগ হোসেন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রশিক্ষণার্থীগণ ছাড়াও প্রকল্পের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন। ইতিপূর্বে ২০১৮ মে মাসে IMED র সহকারি পরিচালক প্রকল্পের কার্যাবলি ও প্রকল্প অফিস পরিদর্শন করেন।

১৪.০ আইএমইডি'র পর্যবেক্ষণ

১৪.১ সিপিডি'র স্থানীয় পরামর্শক এবং সিভিল সোসাইটির মেম্বার দ্বারা পূনর্গঠন, আপগ্রেডিং এবং প্রতিপালন নিশ্চয়তা সংক্রান্ত একটি গবেষণা প্রস্তাব করা হয়েছে। নতুন গবেষণা কাজের নাম হলো "New Dynamics in Bangladesh's Apparels Enterprises"। জার্মানীর ইসব্রন GIZ Office কর্তৃক এই নির্বাচন করা হয়েছে এবং ঢাকা বাংলাদেশ CPD কর্তৃক সরাসরি কন্ট্রাক্ট এওয়ার্ড দেয়া হয়েছে।

১৪.২ <u>প্রশিক্ষণ (স্থানীয় এবং বিদেশী), সেমিনার, কর্মশালা, ইভেন্ট এবং ভ্রমণ ব্যয়:</u> এ খাতে টিপিপি-তে থোক বরাদ্দ হিসেবে বরাদ্দ ছিল ৩১.১৫ লক্ষ টাকা। এ খাতে পিসিআর-এ ব্যয় দেখানো হয়েছে ৭১.৮৮ লক্ষ টাকা। যা টিপিপি'র বরাদ্দ অপেক্ষা ৪০.৭৩ লক্ষ টাকা বেশী। এ সংক্রান্ত ব্যয়ের কোন তথ্য পিসিআর এর মন্তব্য কলামে উল্লেখ নেই। তদুপরি প্রকল্পটি পরিদর্শনকালেও এর কোন সঠিক জবাব পাওয়া যায়নি।

১৫.০ আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৫.১ প্রশিক্ষণ (স্থানীয় এবং বিদেশী), সেমিনার, কর্মশালা, ইভেন্ট এবং ভ্রমণ ব্যয় খাতে অতিরিক্ত ৪০.৭৩ লক্ষ টাকা টিপিপি'র সংস্থান এর চেয়ে বেশী ব্যয় করা হয়েছে। এ ব্যয় সম্পর্কে যথাযথ ব্যাখ্যা প্রদান করতে হবে।

১৫.২ সমাপ্ত প্রকল্পটি পরিদর্শন শেষে কিছু ত্রুটি বিচ্যুতি বাদ দিলে সার্বিক বিবেচনায় প্রতীয়মান হয়- প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৬. উপরোক্ত সুপারিশ/মতামত অনুচ্ছেদ ১৫.১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।